# Program Outcome
# and
# Course Outcome

## Program Outcome and Course Outcome

# # BNG-A-CC-6-13-TH-TU

## আধুনিক বাংলা কাব্য - কবিতা

ঔপনিবেশিক আধুনিকতার সংস্পর্শে এসে আমাদের কাব্যে যে নবযুগের সঞ্চার হয়েছিল, তার বিভিন্ন পর্বকে ছাত্রছাত্রীরা অনুধাবন করতে পারবে এই কোর্সটির মাধ্যমে। আধুনিক যুগের যুক্তি-বাদ, মানবতাবাদ, ব্যক্তিস্বাতন্ত্র্য বোধের প্রকাশ - এই বিভিন্ন প্রবণতা সম্পর্কে পড়ুয়ারা - অবহিত হবে এই বিষয়গুলির মাধ্যমে। এছাড়া দুই বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক দিক থেকে যে বিপর্যয় ও অস্থিরতা দেখা দিয়েছিল তার প্রভাব কীভাবে শিল্প সাহিত্যে পড়েছে, সে সর্ম্পকেও পড়ুয়ারা জানতে পারবে এই কোর্সের বিষয়গুলির মাধ্যমে।

# #BNG -A-CC-6-14-TH-TH

## সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস

বাংলা সাহিত্যের সামগ্রিক পরিচয় পাওয়ার পর শিক্ষার্থীরা সংস্কৃত, ইংরাজী এবং প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস সম্পর্কে সম্যক পরিচয় লাভ করবে এই কোর্সের মাধ্যমে। ফলে বাংলা সাহিত্য সম্পর্কে তার মুল্যায়ন আরো স্বচ্ছ হয়ে উঠবে এছাড়া বাংলা ভাষার উপর বিদেশী-সাহিত্য ও প্রতিবেশী সাহিত্যের প্রভাব বাংলা সাহিত্যকে কতটা সমৃদ্ধ করেছে সে বিষয়েও শিক্ষার্থীরা অবহিত হবে।

# # BNG-A DSE-A-6-3

## (গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা ও অলৌকিক কাহিনী)

সাহিত্যের পাঠ এবং আস্বাদনে কিশোরদের অভ্যাস তৈরী হয়ে ওঠে গোয়ন্দাগল্প, কল্পবিজ্ঞান কাহিনী অথবা ভুতের গল্পের মধ্য দিয়ে। শিক্ষার্থীরা তাদের চেনা ক্ষেত্রকেই বিদ্যায়তনিক শৃঙ্খলায় অধ্যয়ন করত শিখবে। শিশুমন স্বভাবতই কল্পনা প্রবণ, প্রত্যেক মানুষের মধ্যে একটি শিশুমন ঘুমিয়ে থাকে - সেই কল্পনা বিলাসী শিশুমনের প্রাণের আরামের জন্য আলোচ্য কোর্সটি সন্নিবিষ্ট হয়েছে।

# # BNG-A DSE-B-6-4

## লোক সংস্কৃতি ও লোকসাহিত্য

বাঙালী এবং তার সংস্কৃতিকে জানতে গেলে লোকসাহিত্য ও লোক সাহিত্যের পাঠ অত্যন্ত জরুরী। সেই উদ্দেশ্যেই বাংলার সমৃদ্ধ লোক-ঐতিহ্যের থেকে কয়েকটি প্রসঙ্গ এই কোর্সে নির্বাচন করা হয়েছে।

আমাদের প্রায় হারিয়ে যাওয়া দেশজ সংস্কৃতি- বাংলার বিভিন্ন ব্রত, পার্বন সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে। এছাড়া বিভিন্ন প্রবাদ-প্রবচন এবং বিভিন্ন প্রদেশের লোকনৃত্য, লোকগান সম্পর্কে তাদের একটা সম্যক ধারনা গড়ে উঠবে।

# # SEM - 1 (H)

## BANG-A-CC-1-1
## বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রীঃ পর্যন্ত)

বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভবের সময় কাল থেকে ১৮০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানো এই পাঠের উদ্দেশ্য। এই পর্বে বাংলা ভাষা ও সাহিত্যের আদিপর্বের উদ্ভবের ক্রমিক সাল তামামিও বিষয় অন্বিষ্ঠ হয়েছে। বাংলা সাহিত্যের আদি ও মধ্য যুগের উদ্ভবকাল ও সাহিত্যের এগিয়ে চলার পথ সম্পর্কে নবীণ পাঠকদের পরিচিতি ঘটানোর চেষ্টা এখানে লক্ষ্য করা যায়।

# BANG-A-CC-1-2

## বর্ণনা মূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

বাংলা সাহিত্যের ছাত্র হিসাবে ভাষাতত্ত্ব তথা ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, শব্দ ভান্ডার এবং উপভাষা বিষয়ে ধারনা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই লক্ষে এই কোর্সটি তৈরী হয়েছে। "মোদের গর্ব মোদের আশা - আ মরি বাংলাভাষা" - বাংলা ভাষা ও সাহিত্যের রূপ আজ বেশ বাড়বাড়ন্ত। বাংলা ভাষার ব্যাকরণের গোড়ার কথা না জানলে বাংলা ভাষার গঠন বিষয়ে অজ্ঞতা শিক্ষার্থীকে পঙ্গু করে ফেলে, তাই বাংলার ধ্বনি-বর্ণ-পক্ষ বিন্যাস - ধ্বনির উচ্চারণ স্থান - ধ্বনি পরিবর্তনের কারণ বিষয়ে শিক্ষার্থীকে অবহিত হতে হয় নতুবা সে পল্লবগ্রাহী হয়ে পড়ে। বাংলা ভাষার রূপতত্ত্ব বচন, লিঙ্গ, পুরুষ, সমাস, কারক ও তার বিভক্তি, বাংলা ভাষার ক্রিয়াকাল সম্পর্কে সম্যক ধারনা দানের জন্য এই বিষয়টি পাঠ্যে অন্তর্ভুক্ত হয়েছে। এর সাথে বাংলা উপভাষার - স্থানিক রূপ সম্পর্কে যথাযথ ধারনা থাকা বাধ্যতামূলক। এই কোর্সে সেটিই আলোচিত হয়েছে।

# # SEM - 1 (H)

## BANG-A-CC-2-3
## বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)

উপনিবেশিক আধুনিকতার সংস্পর্শে আমাদের চিন্তা-চেতনা, জীবনমান, ও সাহিত্যে যে আধুনিকতার সঞ্চার ঘটেছিল, তার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করানোই এই কোর্সের উদ্দেশ্য। পাশ্চাত্য সভ্যতা ও সংস্কৃতির সংস্পর্শে বাংলায় যে নবজাগরণ ঘটেছিল, তার প্রভাবে বাংলা সাহিত্যের নূতন প্রাণ সঞ্চার হল। ফলে অষ্টাদশ শতকে বাংলা- সাহিত্যের যে রূপ ছিল, উনবিংশ শতকে তাতে অনেক মূলগত পরিবর্তন দেখা দিয়েছিল, যেমন- মানব প্রাধান্য, গদ্যরীতির উদ্ভব, উপন্যাস, ছোটগল্প, নাটকের আবির্ভাব, কাব্যরূপের বৈচিত্র ইত্যাদি শিক্ষার্থীরা এই কোর্সের মাধ্যমে এই বিষয়গুলি সম্পর্কে বিশেষ-ভাবে অবহিত হতে পারবে।

# BANG-A-CC-3-7
## কথা সাহিত্য

আধুনিক সমমের জটিলতা, ব্যষ্টি ও সমষ্টির দ্বন্দ্ব, বাঙালীর পারিবারিক জীবনে নারীর অবস্থান, পরিবেশ সম্পর্কিত ভাবনা এবং মানুষের লড়াই ও সংগ্রামের নানা প্রবণতাকে শিক্ষার্থীদের চেনানোর উদ্দেশ্যেই এই কোর্সের প্রস্তাবনা। আধুনিক যুগের কথা সাহিত্য নানা সুরের চর্চায় বিচিত্রমুখী হয়েছে। রাজনীতি, সমাজনীতির প্রত্যক্ষ প্রতি-ফলন ও গল্প-উপন্যাসে ঘটেছে। ফালে কথা সাহিত্যে যুগান্তর ঘটতে থাকলো। শ্রমিক, কৃষক, একেবারে অন্ত্যজ শ্রেণির নর-নারীর প্রবেশ ঘটতে থাকল সাহিত্যে, নর নারীর প্রেমের বিচিত্র গতি, জটিলতা, বিকার ও তার মনস্তাত্ত্বিক বিশ্লেষণ কথা সাহিত্যের বিষয় হয়ে উঠল। আধুনিক কথা সাহিত্যের এই বিশেযত্বগুলি সম্পর্কেও শিক্ষার্থীদের সম্যক ধারনা গড়ে উঠবে।

# SEM - I - (General)

## BAN - G-CC/GE -1-1
## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের নান পতন অভ্যুদয় বন্ধুর পথ অতিক্রমকরে বাংলা ভাষা ও সাহিত্য আজ বিশ্বসাহিত্যেরপাশে উজ্জ্বল স্থান গ্রহণ করেছে। বাংলা সাহিত্য আজ বিশ্বসাহিত্যের দরবারে উজ্জ্বল সিংহাসনে বিরাজমান। ১৮০০ খ্রিঃ পরবর্তী সময়কালে বাংলা সাহিত্যের বিভিন্নধারার বিবর্তনের গতিরেখার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানো এই কোর্সের উদ্দেশ্য। বাংলা সাহিত্যের উদ্ভব কাল থেকে মধ্যযুগের সীমারেখা পেরিয়ে আজ বাংলা সাহিত্য কী মহিমা ধারণ করেছে- সেটি দেখানো হয়েছে। কাব্য- প্রবন্ধ - উপন্যাস - নাটক বাংলা সাহিত্যের গতিধারায় নানা ভাবে নানা জনের মননে বিচিত্র গতিপথ লাভ করেছে। বাংলা সাহিত্যের স্বর্ণযুগের মনীষীরা তাঁদের মনস্বিতায় তাঁদের বিচিত্র ভাবনার যে সোনার ফসলে বাংলা সাহিত্যের লক্ষীর ভান্ডার পূর্ণ করেছেন, -এই অংশে তার ধারনা সম্পৃক্ত হয়েছে।